# মজিলা ফায়ারফক্স ব্রাউজারের সিকিউরিটি

মোহাম্মদ জাবেদ মোর্শেদ চৌধুরী

বর্তমান ইন্টারনেটে ব্রাউজারগুলোর মধ্যে খুব জনপ্রিয় একটি ব্রাউজার হলো মজিলা ফায়ারফক্স। বাংলাদেশেও বেশিরভাগ লোক ওয়েব ব্রাউজার হিসেবে ফায়ারফক্স ব্যবহার করে। আর ওয়েব ব্রাউজারই হলো আজকের অনলাইন জীবনের জানালা। এর মাধ্যমেই আমরা সব অনলাইন সেবা নিয়ে থাকি, তা সে ই-মেইলই হোক বা ফেসবুক বা অনলাইন ব্যাংকিং– যাই হোক। এসব সেবা নেয়ার সময় আমাদের নিশ্চয়ই সিকিউরিটির দিকে নজর দিতে হয়। ফায়ারফক্স ব্রাউজারেই ইচ্ছে করলে আপনার ইউজারনেম ও পাসওয়ার্ড সেভ করে রাখতে পারবেন। এছাড়া এই ব্রাউজারে আরও অনেক ধরনের সিকিউরিটি অপশন আছে, যা আপনার অনলাইন জীবনকে আরও বেশি সুরক্ষিত করবে।

## ফায়ারফক্সের সিকিউরিটি ও পাসওয়ার্ড সেটিং

এখানে ফায়ারফক্সের অপশন উইন্ডো সিকিউরিটি প্যানেলে থাকা সেটিংগুলো নিয়ে আলোচনা করা হয়েছে। সিকিউরিটি প্যানেলে রয়েছে অপশন, যা আপনার ওয়েব ব্রাউজিংকে নিরাপদ রাখে।

## সিকিউরিটি সেটিং

* Warn me when sites try to install add-ons : ফায়ারফক্স সবসময় অ্যাড-অন ইনস্টল করতে আপনার কাছে নিশ্চিত হতে চাইবে। দুর্ঘটনাবশত অনাকাঙ্ক্ষিত ইনস্টলেশন প্রতিরোধ করতে, যেকোনো ওয়েবসাইট কোনো অ্যাড-অন ইনস্টল করতে চেষ্টা করলে ফায়ারফক্স ইনস্টল প্রম্পট বন্ধ করে আপনাকে সতর্ক করবে। কোনো নির্দিষ্ট সাইট থেকে ইনস্টল অনুমোদন করতে Exceptions... ক্লিক করুন, সাইটের নাম দিন এবং Allow ক্লিক করুন। সব সাইটের জন্য সতর্কতা নিষ্ক্রিয় করতে এর টিক চিহ্ন তুলে দিন।

* Block reported attack sites : এটি টিক দিন। যদি মনে করেন আপনি, যে সাইটটি ব্রাউজ করছেন তা কমপিউটারের সাধারণ কার্যক্রমকে ব্যাহত করছে বা আপনার ব্যক্তিগত তথ্যাদি অননুমোদিত কোনো পক্ষকে ইন্টারনেটের মাধ্যমে পাঠাচ্ছে তা ফায়ারফক্স যাচাই করবে।

* মনে রাখবেন, সতর্কবার্তা না আসা মানে এই নয় যে সেই সাইটটি কোনো নির্ভরযোগ্য সাইট।

* Block reported web forgeries : এটি টিক দিন। যদি আপনি চান, যে সাইটটি আপনি ব্রাউজ করছেন তা আপনাকে ব্যক্তিগত তথ্যাদি দিতে ভুল পথে নেয়ার চেষ্টা করছে, তা ফায়ারফক্স সক্রিয়ভাবে যাচাই করবে (এটি অনেক সময় phishing নামে পরিচিত)।

## পাসওয়ার্ড

* Remember passwords for sites : সহজভাবে ওয়েবসাইটে লগঅন করতে ওয়েব ফরমে দেয়া আপনার পাসওয়ার্ডটি ফায়ারফক্স নিরাপদ সংরক্ষণ করতে পারে। ফায়ারফক্সকে আপনার পাসওয়ার্ড মনে রাখা থেকে বিরত রাখতে এর টিক চিহ্নটি তুলে দিন।

* যদি এর টিক দেয়াও থাকে, তারপরও যখনই কোনো সাইট প্রথমবারের মতো ব্রাউজ করছেন তখন পাসওয়ার্ড মনে রাখবেন কি না তা জিজ্ঞাসা করা হবে। যদি Never for This Site নির্বাচন করেন, তখন এই সাইটটিতে একটি ব্যতিক্রম তালিকায় যুক্ত হবে। এই তালিকা দেখতে অথবা এর থেকে সাইটটি বাদ দিত Exceptions... বাটন ক্লিক করুন।

* Use a master password : ফায়ারফক্স আপনার স্পর্শকাতর তথ্য যেমন– সংরক্ষিত পাসওয়ার্ড এবং সার্টিফিকেটসমূহ একটি মাস্টার পাসওয়ার্ড ব্যবহার করে এনক্রিপ্ট করে সংরক্ষিত রাখে। যদি কোনো মাস্টার পাসওয়ার্ড তৈরি করেন, তাহলে প্রত্যেকবার ফায়ারফক্স চালু করলে আপনার কাছে প্রথমবারের মতো পাসওয়ার্ড চাইবে, যখন এটির কোনো সার্টিফিকেট বা সংরক্ষিত পাসওয়ার্ড প্রয়োজন হবে। আপনি এই option or by clicking the Change Master Password... বোতামে টিক দিয়ে বা তুলে দিয়ে মাস্টার পাসওয়ার্ড সেট, পরিবর্তন বা অপসারণ করতে পারবেন। যদি ইতোমধ্যে পাসওয়ার্ড সেট করা থাকে, তাহলে মাস্টার পাসওয়ার্ড পরিবর্তন বা অপসারণ করতে আপনাকে পাসওয়ার্ড দিতে হবে।

* Saved Passwords... বোতামে ক্লিক করে আপনি সংরক্ষিত পাসওয়ার্ডের ব্যবস্থাপনা এবং প্রতিটি পাসওয়ার্ড মুছে ফেলতে পারবেন।

ফায়ারফক্সের অনেক হিডেন ফিচার আছে, যেগুলো অনেকেরই অজানা। কয়েকটি হিডেন ফিচার, যা আপনার প্রোডাক্টিভিটি অনেকটা বাড়িয়ে দেবে :

০১. মিডল মাউস পেস্ট : আমরা যারা মাউস ব্যবহার করি তাদের জন্য খুব মজার একটি ফিচার এটি। এর সাহায্যে ফায়ারফক্সের উইন্ডো থেকে কোনো টেক্সট কপি করে মিডল মাউসে ক্লিক করে সহজেই পেস্ট করতে পারবেন। ধরুন, আপনি বিডিনিউজ২৪ ডটকমের একটি নিউজ কপি করে আপনার ফেসবুক ওয়ালে পেস্ট করবেন। পেস্ট করার সময় শুধু মাউসের চাকায় ক্লিক করেই পেস্ট করতে পারবেন। এ জন্য প্রথমে একটি নতুন ট্যাব ওপেন করে about:config লিখে Enter চাপুন। এরপর I'll be careful, I promise! লেখা দেখতে পাবেন। সেখানে ক্লিক করে সার্চ বারে paste লিখুন। এখন middlemouse.paste নামের লেখাটিতে ডাবল ক্লিক করলে value false থেকে true হয়ে যাবে। এবার মিডল মাউসে ক্লিক করে পেস্ট করতে পারবেন।

০২. লেফট ক্লিক কনটেক্স মেনু : এই ফিচাটির মাধ্যমে রাইট ক্লিক মেনু লেফট ক্লিকের মাধ্যমেই বের করতে পারবেন। এজন্য লেফট ক্লিক বাটন ক্লিক করে চেপে ধরে ১-২ সেকেন্ড অপেক্ষা করতে হবে। যেমন– টেকটিউনসের একটি নতুন ট্যাব ওপেন করতে চাচ্ছেন। এজন্য আপনাকে টিউনটির লিঙ্কে রাইট ক্লিক করে contex menu-তে open link in new tab-এ ক্লিক করতে হবে। কিন্তু এই ফিচারটি ব্যবহার করে লেফট ক্লিকের মাধ্যমেই contex menu ওপেন করতে পারবেন। শুধু কোনো লিঙ্কে ক্লিক করে ১-২ সেকেন্ড অপেক্ষা করলেই কনটেক্স মেনু (রাইট ক্লিক মেনু) ওপেন করতে পারবেন। এজন্য প্রথমে একটি নতুন ট্যাব ওপেন করে about:config লিখে Enter চাপুন। এরপর I'll be careful, I promise! লেখা দেখতে পাবেন। সেখানে ক্লিক করে সার্চ বারে context_menus লিখুন।

এখন ui.click_hold_context_menus নামের লেখাটিতে ডাবল ক্লিক করলে value false থেকে true হয়ে যাবে। এবার লেফট ক্লিক করে ১-২ সেকেন্ড লেফট বাটন চেপে ধরলেই কনটেক্স মেনু ওপেন হবে।

০৩. ইনস্ট্যান্ট অ্যাপ্লাই : আপনি যদি কোনো preferences পরিবর্তন করতে চান, তাহলে আপনাকে options-এ যেতে হবে এবং options-এর জন্য একটি নতুন উইন্ডো ওপেন হবে। যদি কোনো কিছু পরিবর্তন করেন তাহলে কী পরিবর্তন করলেন তা সাথে সাথে দেখতে পাবেন না। এজন্য আপনাকে আগে options window-এর Ok বাটনে ক্লিক করতে হবে। ধরুন, আপনি options মেনুতে গিয়ে হোমপেজ পরিবর্তন করলেন। কিন্তু কী পরিবর্তন করলেন সেটা তাৎক্ষণিক দেখতে পাবেন না। এজন্য আপনাকে আগে options মেনুর Ok-তে ক্লিক করতে হবে। এই ফিচারটির মাধ্যমে আপনি Ok-তে ক্লিক না করে কী পরিবর্তন করলেন সেটা দেখতে পাবেন। এজন্য প্রথমে একটি নতুন ট্যাব ওপেন করে about:config লিখে Enter চাপুন। এরপর I'll be careful, I promise! লেখা দেখতে পাবেন। সেখানে ক্লিক করে সার্চ বারে instant লিখুন। এখন browser.preferences.instantApply নামের লেখাটিতে ডাবল ক্লিক করলে value false থেকে true হয়ে যাবে। এবার Ok-তে ক্লিক না করেই কী পরিবর্তন করলেন তা দেখতে পাবেন।

*ফিডব্যাক : jabedmorshed@yahoo.com*